শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

২.৩.১

নম্বর-৫৭.০০.০০০০.০৫২.১৯.০০১.২০২১-১৪৫

তারিখঃ ১৯ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর,২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পর্যায়ের কর্মকর্তাগণের বদলি/পদায়ন সংক্রান্ত নির্দেশাবলী।

সূত্রঃ টিএমইডি'র ৫৭.০০.০০০০.০৫১.১৯.০০১.২০১৮-২৭২, তারিখঃ ০২ সেপ্টেম্বর-২০২১ খ্রিষ্টাব্দ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক একটি সেবা সহজীকরণের লক্ষ্যে সূত্রোস্থ নির্দেশনাটি বহুল প্রচারের নিমিত্তে ওয়েবসাইটে প্রকাশসহ সেবাটি ডিজিটালাইড করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

০২। বিষয়টি জরুরি।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(তৌহিদুজ্জামান পাভেল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫
ই-মেইল: dstech2@tmed.gov.bd

সিস্টেম এনালিস্ট
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো।

০১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩) অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৫১.১৯.০০১.২০১৮-২৭২

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলি/পদায়ন সংক্রান্ত নির্দেশনাঃ**

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের মানোন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও সার্বিক গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলি/পদায়নের বিষয়ে সরকারের বিদ্যমান নীতিমালা ও প্রক্রিয়ার আলোকে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

২.০ **নির্দেশনার আওতাঃ**

কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থায় কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাদের অন-লাইনে আবেদনের পরিপ্রেক্ষিতে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

৩.০ **আবেদনের সময়সূচিঃ**

কর্মরত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তা নিম্নরূপ সময়সূচি অনুযায়ী বছরে ০৩ (তিন) বার বদলির জন্য অন-লাইনে আবেদন করতে পারবেনঃ

| ক্র: | পদবী | আবেদনের সময় | | |
|---|---|---|---|---|
| | | ১ম দফা | ২য় দফা | ৩য় দফা |
| ০১. | অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষক/কর্মকর্তা | জুলাই | [redacted] | মার্চ |
| ০২. | চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষক/কর্মকর্তা | [redacted] | মে | সেপ্টেম্বর |

৪.০ **আবেদনের পদ্ধতি ও শর্তাবলিঃ**

৪.১ অনুচ্ছেদ ৩.০ এর সিডিউল অনুযায়ী নির্ধারিত মাসের ১৫ তারিখের মধ্যে অনলাইনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইট www.tmed.gov.bd এর নির্ধারিত লিংকে প্রবেশ করে বদলির আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে দাখিলকৃত আবেদন বা অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না;

৪.২ আবেদনকারীকে অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে;

৪.৩ ক) নবনিয়োগপ্রাপ্ত চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষকগণ চাকরি ০৩(তিন) বছর পূর্ণ হওয়ার পূর্বে বদলির জন্য আবেদন করতে পারবেন না;

খ) সদ্য যোগদানকৃত অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/সম পদমর্যাদার শিক্ষকগণ একই কর্মস্থলে ০২ (দুই) বছর পূর্ণ হওয়ার পূর্বে অন্যত্র বদলির জন্য আবেদন করতে পারবেন না;

৪.৪ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রীর নিকটতম কর্মস্থলে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে যেহেতু এধরনের শিক্ষক/কর্মকর্তার সংখ্যা অনেক, তাই বিষয়টি অধিকার হিসেবে গণ্য করা যাবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকের সুবিধা এবং নাগরিক সেবা প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নিয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে;

৪.৫ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন শিক্ষক/কর্মকর্তা তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকারের ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;

৪.৬ অসম্পূর্ণ এবং সত্যতাহীন তথ্য সংবলিত আবেদন বিবেচনায় আনা হবে না;

৪.৭ উভয় শিক্ষক/কর্মকর্তার সুবিধা হয় এমন পারস্পরিক বদলির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উভয়ের সম্মতিতে আবেদন করলে বিবেচনা করা হবে;

৪.৮ কোন শিক্ষা প্রতিষ্ঠানে এক বিষয়ে একজন মাত্র শিক্ষক একাধারে ০৩ (তিন) বছর পূর্ণ হলেও বিকল্প শিক্ষক পদায়ন সাপেক্ষে তার বদলির বিষয়টি বিবেচ্য হবে।

৫.০ **আবেদন নিষ্পত্তিঃ**

৫.১ নির্ধারিত মাসে নির্ধারিত পদধারীদের প্রাপ্ত আবেদনসমূহ যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হবে;

৫.২ বদলির জন্য অন-লাইনে প্রাপ্ত আবেদনসমূহ এ লক্ষ্যে গঠিত কমিটি যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বিবেচনা করে বদলি/পদায়নের সুপারিশ প্রণয়ন করবে;

৫.৩ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;

৫.৪ উপজেলা/পার্বত্য জেলা/প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্য পদে অগ্রাধিকারভিত্তিতে পদায়ন করা হবে।

৬.০ **বিবিধঃ**

৬.১ এই নির্দেশনায় যা কিছুই উল্লেখ থাকুক না কেন সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন স্থানে বদলি করতে পারবে। তবে এ ক্ষেত্রে সরকারের বিদ্যমান বদলি নীতিমালা যথাসম্ভব অনুসরণ করতে হবে;

৬.২ সংযুক্তি/ওএসডি করার ক্ষমতা মন্ত্রণালয়/বিভাগ সংরক্ষণ করে;

৬.৩ প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের নির্দেশনা অনুসরণ করা হবে;

৬.৪ বদলির আবেদনের ক্ষেত্রে সরকারি চাকরি আইন-২০১৮ অনুযায়ী কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সুপারিশ বাঞ্চনীয় নয়;

৬.৫ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রেষণাদেশ মঞ্জুরির ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ সংক্রান্ত বিধি-বিধান যথাসম্ভব অনুসরণ করা হবে।

৭.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়ন সংক্রান্ত জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৭.০৯.২১

(মোঃ আব্দুর রহিম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৫৫৬
ইমেইল: ds_tec2@moedu.gov.bd

বিতরণঃ

০১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
০২। অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৩। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক ইনস্টিটিউট, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৪। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
০৫। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।
০৬। অধ্যক্ষ (সকল) টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৭। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (কারিগরি-১ অধিশাখা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৪। যুগ্মসচিব (কারিগরি-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মন্ত্রণালয়/বিভাগের নামঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

## ১। অফিস প্রোফাইল

### ক) একনজরে অফিস

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | বাংলা | **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।** | |
| | ইংরেজি | Technical and Madrasah Education Division, Ministry of Education. | |
| | সংক্ষিপ্ত | TMED | |
| অফিস প্রধানের পদবি | সচিব | নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ | |
| অফিসের সংখ্যা | মোট ৫টি, বিভাগীয় অফিস...... জেলা অফিস... | | |
| জনবল | ১৩৯ জন | | |
| অফিসের ঠিকানা | বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | | |
| যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স) | secretary@tmed.gov.bd | | |
| ওয়েবসাইটের ঠিকানা | tmed.gov.bd | | |
| যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ) | | | |

### খ) অফিসের ভিশন ও মিশন

ভিশনঃ সবার জন্য মানসম্মত কর্মমুখী, কারিগরি, বৃত্তিমূলক ও মাদ্রাসা শিক্ষা।

মিশনঃ কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে শিক্ষিত, প্রশিক্ষিত, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি।

### গ) অফিসের পরিচিতি ও ছবি (অনধিক ২০০ শব্দ)

কারিগরি শিক্ষা বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়াধীন একটি বিভাগ। কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টি এবং মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ২০১৬ সালে ৩০ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়কে ২টি ভাগে বিভক্ত করা হয়। ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং ২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। এ বিভাগের অধীন মোট ৫টি দপ্তর সংস্থা রয়েছে। ১। কারিগরি শিক্ষা

অধিদপ্ত ২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ৩। বাাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও ৫। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)।

কারিগরি শিক্ষা বিভাগটি বাংলাদেশ সচিবালয়ের ৬ নং ভবনের ১৭ তলা এবং পরিবহন পুল ভবনের ৮ম তলা, ঢাকায় অবিস্থিত।

ঘ) ~~অফিসের অর্গানোগ্রাম~~

## ঙ) সেবার তালিকা

| ক্রম | সেবা নাম | মন্ত্রণালয়/বিভাগ |
|---|---|---|
| ১ | শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদান | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান/একাডেমিক স্বীকৃতির অনুমতি | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৩ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয়/অতিরিক্ত শাখা খোলার অনুমতি | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৪ | পাবলিক পরীক্ষার সার্টিফিকেট প্রত্যয়ন | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ৫ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও প্রদান | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |

## ২। সেবা প্রোফাইল

ক) সেবার নাম: কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলির আবেদন।

### খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা

| ক্রমিক নং | যৌক্তিকতা |
|---|---|
| ০১ | সেবা সহজিকরণের ফলে নিজ কর্মস্থল থেকেই বদলির আবেদন করতে পারবেন; |
| ০২ | মূল্যবান সময় অপচয় হবে না; |
| ০৩ | ঢাকায় আসার প্রয়োজন হবে না; |
| ০৪ | কোন অর্থ ব্যয় করতে হচ্ছে না; |
| ০৫ | সরাসরি সচিব মহোদয় বরাবর আবেদন করতে পারবেন। ফলে ০৩টি ধাপের প্রয়োজন হবে না। |

## গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি


| ক্রমিক নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ০১ | সেবা প্রদানকারী অফিস | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০২ | সেবার সংক্ষিপ্ত বিবরণ | কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ গ্রেড থেকে তদুর্ধ্ব কর্মকর্তাদের বদলির আবেদন অনলাইনের মাধ্যমে গ্রহণ |
| ০৩ | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | দুই শতাধিক |
| ০৪ | সেবাপ্রাপ্তির শর্তাবলি | বদলি / পদায়ন নীতিমালা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের বদলি নীতিমালা অনুযায়ী |
| ০৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | সিনিয়র সহকারী সচিব/ উপসচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব, সচিব, প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় মন্ত্রী |
| ০৬ | সেবাপ্রাপ্তির সময় | বছরব্যাপী |
| ০৭ | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | আবেদনপত্র ও বদলির স্বপক্ষে সংযুক্তিসমূহ |
| ০৮ | সেবাপ্রাপ্তির জন্য খরচ | প্রযোজ্য নয় |
| ০৯ | সেবাপ্রাপ্তির জন্য যাতায়াত সংখ্যা | প্রযোজ্য নয় |
| ১০ | সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা | (১) বদলি / পদায়ন নীতিমালা, (২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বদলি নীতিমালা |
| ১১ | সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>শিক্ষা মন্ত্রণালয়<br>ফোন: ০২-২২৩৩৫২৩৬১ |
| ১২ | সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/ চ্যালেঞ্জসমূহ | স্বয়ংসম্পূর্ণ তথ্যের অভাব |
| ১৩ | অন্যান্য | আবেদনকারীর নিজ কর্মস্থল এবং পদায়ন পেতে আগ্রহী কর্মস্থলের তথ্য সঠিকভাবে পাওয়া যায় না ফলে কর্ম কম্পাদনে দীর্ঘ সূত্রিতা দেখা দেয়। |

## ঘ) বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | সচিব মহোদয় বরাবর আবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বরাবর আবেদন দাখিল | ০১ | সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠান প্রধান |
| ধাপ-২ | প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদন মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ | ০২ | সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠান প্রধান |
| ধাপ-৩ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সচিব মহোদয় বরাবর প্রেরণ | ০২ | মহাপরিচালক,<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ধাপ-৪ | সচিব মহোদয় সংশ্লিষ্ট দপ্তর থেকে শাখায় প্রেরণ | ০১ | সচিব,<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ধাপ-৫ | বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়ন | ০২ | সংশ্লিষ্ট কমিটি |
| ধাপ-৬ | সচিব / মাননীয় মন্ত্রী (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক চূড়ান্ত অনুমোদন | ০১ | সচিব<br>(প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় মন্ত্রী) |
| ধাপ-৭ | আদেশ জারি ও ওয়েবসাইটে প্রকাশ | ০১ | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সিস্টেম এনালিস্ট |

## ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



## চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:


| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | স্বহস্তে লিখিত আবেদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বরাবর দাখিল এবং তা মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর মাধ্যমে সচিব মহোদয় বরাবর পৌছায় | অনলাইনে সরাসরি সচিব মহোদয়ের নিকট আবেদন করা যাবে |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | প্রয়োজনীয় ও অপ্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা হয় | চাহিত ছক পুরণের মাধ্যমে সরাসরি সচিব মহোদয় বরাবর আবেদন দেয়ার কারণে ০৩টি ধাপ কমবে |
| ৩। সেবার ধাপ | ০৭টি | ০৪টি |
| ৪। সম্পৃক্ত জনবল | দশ জন | তিন জন |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | (০৪/০৫ জন)<br>বিভাগীয় প্রধান, অধ্যক্ষ, মহাপরিচালক, সচিব (প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় মন্ত্রী) | (০১/০২ জন)<br>সচিব (প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় মন্ত্রী) |
| ৬। আন্ত:অফিস নির্ভরশীলতা | ন্যূনতম ০২টি অফিসের উপর নির্ভর করতে হয় | যেহেতু অনলাইনে সরাসরি আবেদন করা হবে সেহেতু আন্ত:অফিস নির্ভরশীল হতে হবে না |
| ৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি | (১) বদলি / পদায়ন নীতিমালা, (২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বদলি নীতিমালা | (১) বদলি / পদায়ন নীতিমালা, (২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বদলি নীতিমালা |
| ৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি | - | - |
| ৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ | - | - |
| ১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | প্রযোজ্য নয় | প্রযোজ্য হবে |
| ১১। খরচ (নাগরিক+অফিস) | প্রয়োজন অনুযায়ী + নাই | হবে না |
| ১২। সময় (নাগরিক+অফিস) | ৫-১০ দিন | ২-৫ দিন |
| ১৩। যাতায়াত (নাগরিক) | ২-৪ বার | প্রযোজ্য নয় |
| ১৪। অন্যান্য | থাকা-খাওয়া সহ যাতায়াতের সমস্যা | প্রযোজ্য নয় |

## ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | সচিব মহোদয় বরাবর আবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বরাবর | সচিব মহোদয় বরাবর নির্ধারিত ফরম্যাটে | |

| | | | |
|---|---|---|---|
| | আবেদন দাখিল | অনলাইনের মাধ্যমে সরাসরি আবেদন দাখিল | |
| ধাপ-২ | প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদন মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ | নির্ধারিত সময়ে বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি কর্তৃক যাচাই বাছাই এবং সুপারিশ প্রনয়ণ | |
| ধাপ-৩ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সচিব মহোদয় বরাবর প্রেরণ | সচিব/ মাননীয় মন্ত্রী (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক চূড়ান্ত অনুমোদন | |
| ধাপ-৪ | সচিব মহোদয় সংশ্লিষ্ট দপ্তর থেকে শাখায় প্রেরণ | আদেশ জারি ও ওয়েবসাইটে প্রকাশ | |
| ধাপ-৫ | বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়ন | | |
| ধাপ-৬ | সচিব / মাননীয় মন্ত্রী (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক চূড়ান্ত অনুমোদন | | |
| ধাপ-৭ | আদেশ জারি ও ওয়েবসাইটে প্রকাশ | | |

## জ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ



## ৩। TCV (Time, Cost & Value) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘণ্টা) | ৫-১০ দিন | ২-৫ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ঢাকায় আসার প্রয়োজন হলে খরচ হবে | - |
| যাতায়াত | ২-৪ বার | প্রয়োজন নাই |
| ধাপ | ০৭ | ০৪ |
| জনবল | ১০ | ৩ |
| দাখিলীয় কাগজপত্র | আবেদন, শূণ্য পদের বিবরণী, স্থায়ী করণ ও অন্যান্য কাগজপত্র | নির্ধারিত ছক পূরণ |